

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
১৩ নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী  
মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০

নথি নং-০৩.০৯.০০০০.৬৬৪.৬৮.১৭০.১৩-

তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০১৩

প্রাপক : প্রেসিডেন্ট

হেলথ, এডুকেশন এন্ড ডেভেলপমেন্ট সোসাইটি  
রুম-৬ ও ৭ (২য় তলা), গ্রীণ সুপার মার্কেট, ঢাকা।

বিষয় : সংস্থার "হেডস ফ্রি ফ্রাইডে ক্লিনিক, ঢাকা" শীর্ষক প্রকল্প অনুমোদন ও ১ম বর্ষের অর্থছাড়করণ প্রসঙ্গে।

সূত্র : সংস্থার ২৯/৮/২০১৩ তারিখের আবেদন।


প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে উল্লেখিত প্রকল্পটি নির্দেশিত হলে এপ্রিল/২০১৩ হতে মার্চ/২০১৬ পর্যন্ত সময়ের জন্য বৈদেশিক অনুদান ১৬,০০,০০০/- (ষোল লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নোক্ত শর্তে অনুমোদনসহ প্রকল্পের ১ম বর্ষের (এপ্রিল/২০১৩-মার্চ/২০১৪) কার্যক্রম ব্যয় নির্বাহের জন্য দাতা সংস্থা 'Spaandam B-USA' এর নিকট হতে ৬,৬৪,০০০/- (ছয় লক্ষ চৌষট্টি হাজার) টাকা গ্রহণ ও ব্যয়ের অনুমতি প্রদান করা হলো।

শর্তঃ

- ক) সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও ইউএনও-কে প্রকল্পের সাথে সম্পৃক্ত করতে হবে। এলক্ষ্যে এফডি-৬ এর অনুলিপি সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলাওয়ারী ব্যয় বিভাজন সংশ্লিষ্ট ইউএনও-কে সরবরাহ করতে হবে;
  - খ) প্রকল্প বর্ষ শেষে প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এনজিও বিষয়ক ব্যুরোতে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার বরাবরে দাখিল করতে হবে। এনজিও বিষয়ক ব্যুরোতে দাখিলকৃত প্রতিবেদনের সাথে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিসের প্রাপ্ত স্বীকারমূলক প্রমাণ দাখিল করতে হবে।
  - গ) প্রকল্প কার্যক্রমের অডিট রিপোর্ট প্রকল্প বর্ষ সমাপ্তির ০২ মাসের মধ্যে এনজিও বিষয়ক ব্যুরো ও বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে;
  - ঘ) প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পরিপত্রের ১১ নং অনুচ্ছেদ (ক-ছ) আলোকে নির্ধারিত ০৮ টি ছকে বার্ষিক প্রতিবেদন দাখিল করতে হবে;
  - ঙ) প্রকল্প বাস্তবায়নে সকল প্রকার দ্বৈততা পরিহার করতে হবে। অন্য কোন সংস্থা/সরকার পরিচালিত অনুরূপ প্রকল্পে উপকারভোগী কোন ব্যক্তি/পরিবারকে এই প্রকল্পে উপকারভোগী নির্বাচন করা যাবেনা;
  - চ) জাতীয় রাজস্ব বোর্ড এর ভাষা মোতাবেক আয়কর/ভ্যাট ইত্যাদি যথারীতি কর্তন করতে হবে।
  - ছ) বর্ণিত প্রকল্পের অধীনে অঙ্গোজিত সভা, সেমিনার ও অন্যান্য প্রোগ্রামে এনজিও বিষয়ক ব্যুরো অথবা স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করতে হবে।
  - জ) জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে নির্ধারিত ছকে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
  - ঝ) ঢাকা সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও স্বাস্থ্য অধিদপ্তরের National Nutrition Services (NNS) শীর্ষক অপারেশন প্ল্যানের লাইন ডাইরেক্টর এর সাথে সমন্বয়পূর্বক প্রকল্পটি বাস্তবায়িত হবে।
  - ঞ) প্রতি অর্থ বছর শেষে প্রকল্পের সংশ্লিষ্ট খাতের ব্যয় বিবরণী স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের National Health Accounts Cell-এ প্রেরণ করতে হবে।
- ০২। ছাড়কৃত অর্থ সোনালী ব্যাংক লিঃ, ধানমন্ডি করপোরেন্ট শাখা, ঢাকা হিসাব নং-০০১০১২৪৪৯-এর মাধ্যমে গ্রহণ করে বিধি মোতাবেক ব্যয়ের হিসাব সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

  
(মোঃ আলমগীর হোসেন)  
এসাইনমেন্ট অফিসার  
ফোন-৯৫৮৪৮৯৬


ই-মেইলঃ ao3@ngoab.gov.bd

তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০১৩

নথি নং-০৩.০৯.০০০০.৬৬৪.৬৮.১৭০.১৩- ৩২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৫। উপ-পরিচালক (প ও নি), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৬। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, ধানমন্ডি করপোরেন্ট শাখা, ঢাকা (তাকে ছাড়কৃত ৬,৬৪,০০০/- টাকার অতিরিক্ত অর্থ প্রদান না করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। অফিস কপি/ মাস্টার কপি।

  
(মোঃ আলমগীর হোসেন)  
এসাইনমেন্ট অফিসার